# পাঠ পরিকল্পনা-১৩ (শ্রেণি : নবম)

## অধ্যায়-২ : শরিয়তের উৎস

## পাঠ-২ : শরিয়তের প্রথম উৎস : আল কুরআন

## সময় : ৩৫ মিনিট

| সময় | বিবরণ |
|---|---|
| ৫ মিনিট | উপস্থিতি পর্যালোচনা ও নতুন পাঠের উপর পূর্বজ্ঞান পরীক্ষা-<br>১. কুরআন শব্দের অর্থ কী?<br>২. কুরআন কার উপর নাযিল হয়? |
| ১০ মিনিট | ইসলামি শরিয়তের প্রধান উৎস হলো আল কুরআন। অর্থাৎ, কোনো বিষয়ে তথা সমস্যা সমাধানে, ইবাদাত হিসেবে গ্রহণ করতে হলে প্রথমে দেখতে হবে তা কুরআনে রয়েছে কী-না ? যেমন- চুরি করলে কী শাস্তি দিতে হবে ? এ সমস্যার সমাধানে দেখা যায়- কুরআন বলছে এটি গুরুতর অপরাধ তাই তার হাত কেটে দিতে হবে, যাতে কেউ চুরি করার সাহস না দেখায়। একইভাবে কুরআন বলছে 'তোমরা নামাজ কায়েম করো' তাই জামাতে নামায পড়া ওয়াজিব, কেননা জামাতে নামাজ পড়ার মাধ্যমেই নামায কায়েম তথা সমাজে প্রতিষ্ঠিত হয়।<br>**কুরআনের পরিচয়**<br>কুরআন শব্দের অর্থ অধিক পঠিত। এটি পৃথিবীর সর্বাধিক পঠিত গ্রন্থ। প্রতিদিন পাঁচ ওয়াক্ত নামাজে কুরআন পড়া অত্যাবশ্যক।<br>কুরআনের আরেকটি অর্থ হলো- মিলিত। এর একটি আয়াত আরেকটি আয়াতের সাথে এবং একটি সূরা অন্য একটি সূরার সাথে মিলিত। তাই একে কুরআন বলা হয়।<br>কুরআনের সংজ্ঞায় আল্লামা আবুল বারাকাত নাসাফী (র) বলেন– "মহাগ্রন্থ হচ্ছে আল-কুরআন। যা মহানবী হযরত মুহাম্মাদের (সা.) ওপর অবতারিত এবং যা গ্রন্থাকারে লিপিবদ্ধ হয়েছে, আর তা রাসূল (সা.) থেকে ধারাবাহিকভাবে সন্দেহাতীত পদ্ধতিতে বর্ণিত হয়েছে।" |
| ১০ মিনিট | **শরিয়তের প্রথম উৎস আল কুরআন হওয়ার প্রমাণ ও যৌক্তিকতা**<br>শরিয়তের প্রধান উৎস এবং মানুষের সকল প্রকারের জ্ঞানের প্রথম উৎস পবিত্র কুরআন। কুরআন ব্যতীত এমন কোনো নির্ভরযোগ্য উৎস নেই, যা থেকে মানুষ জ্ঞান লাভ করতে পারে। কুরআনের প্রথম নাযিলকৃত আয়াত কয়েকটা এর সুস্পষ্ট প্রমাণ বহন করে। আল্লাহ বলেন, 'পড়ুন আপনার প্রভুর নামে, যিনি সৃষ্টি করেছেন। সৃষ্টি করেছেন মানুষকে জমাট রক্ত থেকে। পড়ুন, আর আপনার রব সবচেয়ে বেশি সম্মানিত। যিনি কলমের সাহায্যে শিক্ষা দিয়েছেন। শিক্ষা দিয়েছেন মানুষকে, যা সে জানতো না।' (সূরা আলাক : ১-৫)<br>এ সংক্ষিপ্ত পাঁচটি আয়াতে মানুষের সৃষ্টির ইতিবৃত্ত, আল্লাহ তাআলার পরিচিতি, আল্লাহর সাথে মানুষের সম্পর্কের প্রকৃতি, জ্ঞানের উৎস ও মাধ্যম সৃষ্টিজগতে মানুষের অবস্থান ও মর্যাদা সম্পর্কে আলোকপাত করা হয়েছে। মূলত এ কয়েকটি কথাই দর্শন ও বিজ্ঞানের মূল আলোচ্য বিষয়। কুরআন নাযিলের আগে ও পরে অসংখ্য মানুষ এ প্রশ্ন কয়টির উত্তর খুঁজে খুঁজে হয়রান হয়েছে। যুগযুগ ধরে বিভিন্ন ধরনের গবেষণা ও অনুসন্ধান অব্যাহত রাখা হয়েছে; কিন্তু কখনোই কোনো স্থির সিদ্ধান্তে পৌঁছাতে পারেনি। কুরআনের ছোট্ট একটি ঘোষণা এ বিষয়ক সকল জিজ্ঞাসার অবসান ঘটিয়েছে। নিম্নোক্ত পয়েন্টগুলো থেকে কুরআনকে শরিয়তের প্রথম উৎস হিসেবে প্রমাণিত হয়।<br>১. **পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা**<br>১. **আল্লাহ প্রদত্ত জীবনবিধান**<br>২. **শাশ্বত ও চিরন্তন ধর্মগ্রন্থ**<br>৩. **আত্মবিরোধ না থাকা :** আল-কুরআনের আয়াতসমূহের মধ্যে কোন আত্মবিরোধ লক্ষ্য করা যায় না। একটি আয়াতের ব্যাখ্যা হিসেবে অন্য আয়াত নাযিল হয়েছে যা দ্বারা সংশ্লিষ্ট আয়াতের ধারণা আরো সুস্পষ্ট হয়। কিন্তু কোথাও আত্মবিরোধ নেই।<br>৪. **বৈজ্ঞানিক নির্ভুল তথ্যের উপস্থাপন :** আসমানি গ্রন্থসমূহের মধ্যে কুরআনই একমাত্র গ্রন্থ যেখানে নির্ভুল বৈজ্ঞানিক তথ্য বিদ্যমান রয়েছে।<br>৫. **সহজ-সরল ভাষায় অবতীর্ণ। যাতে সকলেই সহজে কুরআন থেকে শিক্ষা নিতে পারে।**<br>৬. **ত্রুটিহীনতার ঘোষণা :** এ পৃথিবীতে যত গ্রন্থ বিদ্যমান রয়েছে কোন গ্রন্থের গ্রন্থকার তাঁর গ্রন্থের ত্রুটিহীনতার ঘোষণা দিতে পারেনি; কিন্তু পবিত্র কুরআনের শুরুতেই আল্লাহ তাআলা ঘোষণা দিয়ে বলেন, এটি এমন গ্রন্থ যাতে কোনো সন্দেহ নেই।<br>৭. **স্বয়ংসম্পূর্ণ গ্রন্থ :** আল-কুরআন একটি স্বয়ংসম্পূর্ণ গ্রন্থ। যা অন্য কোনকিছুর মুখাপেক্ষী নয়। |

| | |
|---|---|
| | ৮. **সকল জ্ঞানের মূল উৎস : কুরআনে সকল জ্ঞানের, সকল সমস্যা সমাধানের মূলনীতি বর্ণিত হয়েছে।**<br>৯. **ব্যক্তিগত জীবন সম্পর্কিত সমস্যার সমাধান**<br>১০. **পারিবারিক জীবন সম্পর্কিত সমস্যার সমাধান**<br>১১. **জাতীয় জীবন সম্পর্কিত সমাধান :** জাতীয় জীবনের মূল সমস্যা হলো অনৈক্য, পারস্পরিক আস্থাহীনতা এবং জাতীয় দায়িত্ব পালনে কুরআনে নির্দেশনা রয়েছে।<br>১২. **আন্তর্জাতিক জীবন সম্পর্কিত সমাধান :** বর্ণ ও অঞ্চলগত সংঘাত, সাম্রাজ্য বিস্তারের অশুভ বাসনা, জবরদখল, যুদ্ধ, আন্তর্জাতিক সকল সমস্যার সমাধান কুরআনে রয়েছে।<br>১৩. রাজনৈতিক জীবন সম্পর্কিত সমাধান<br>১৪. রাষ্ট্রীয় জীবন সম্পর্কিত সমাধান<br>১৫. অর্থনৈতিক জীবন সম্পর্কিত সমাধান<br>১৬. শিক্ষা ও সাংস্কৃতিক জীবন সম্পর্কিত সমাধান<br>১৭. নৈতিক জীবন সম্পর্কিত সমাধান<br>১৮. আধ্যাত্মিক জীবন সম্পর্কিত সমাধন<br>১৯. পার্থিব জীবন সম্পর্কে কুরআনের নির্দেশনা<br>২০. পরকালীন জীবন সম্পর্কে কুরআনের নির্দেশনা |
| ৫ মিনিট | **কুরআন অবতরণের ইতিহাস**<br>১. **লাওহে মাহফুজে সংরক্ষিত :** কুরআন নাযিলের পূর্বে সেখানে সংরক্ষিত ফলকে লিপিবদ্ধ ছিলো। এখনও আছে।<br>২. **বায়তুল ইযযাহ নামক স্থানে নাজিল :** কদরের রাত্রিতে প্রথম আসমানের একটি বিশেষ স্থানে সমগ্র আল কুরআন নাজিল করা হয়। সেখান থেকে হযরত জীবরাঈল (আ.) মহান আল্লাহর নির্দেশে সময়ে সময়ে কুরআনের বিভিন্ন অংশ মহানবী হযরত হযরত মুহাম্মদ (সা.) এর নিকট নাজিল করেন।<br>৩. **হেরা গুহায় প্রথম অবতরণ :** মহানবী (সা.)-এর ৪০ বছর বয়সে হেরা গুহায় ধ্যানমগ্ন থাকাকালে মহান আল্লাহর নির্দেশে জীবরাঈল (আ.) মহানবী (সা.)-এর নিকট দুনিয়ায় প্রথম কুরআনের ৫টি আয়াত নাযিল করেন। এগুলো হলো সূরা আলাকে ১-৫ নং আয়াত।<br>৪. **মানুষের বুঝার সুবিধার্থে ২৩ বছর ধরে অবতরণ :** কুরআন ২৩ বছর ধরে নাযিল হয়েছে, ফলে মানবজীবনের সকল সমস্যার সমাধান মানুষ সহজে অনুধাবন করতে সমর্থ হয়েছে। অন্যান্য নবীদের কাছে একত্রে পুস্তকারে আসমানী কিতাব নাজিল হয়েছিলো। আমাদের নবী মুহাম্মদ (সা.)-এর নিকট কুরআন কোনো লিখিত বস্তুতে পুস্তকারে একত্রে নাযিল হয়নি। ২৩ বছর ধরে জীবরাঈল রাসূল (সা.)-কে শুনাতেন, রাসূল (সা.) তা সাহাবায়ে কিরামদের লিখে রাখতে এবং আল্লাহর নির্দেশের তা সংরক্ষণের ব্যবস্থা করেন বলতেন। পরবর্তীতে রাসূলুল্লাহ (সা.)-এর ইন্তেকালের পর সাহাবীদের সে সব লিখিনী দেখে রাসূলুল্লাহ (সা.)-এর নির্দেশনার ক্রমধারানুসারে হুবহু তা বর্তমান গ্রন্থকারে লিখিত হয়। ১১৪ টি সূরা ও প্রত্যেকটি আয়াতের ক্রমধারায় লাওহে মাহফুযের যেমন রয়েছে তেমনি ক্রমধারায় সুসংরক্ষিত অবস্থায় আমাদের কাছে চলে আসছে, যাতে কোনো সন্দেহের অবকাশ নেই। |
| ৫ মিনিট | **শিক্ষার্থীদের পিডব্যাক/পাঠোত্তর মূল্যায়ন**<br>সোহেল ও আশরাফ ধর্মীয় খুটিনাটি বিষয় নিয়ে প্রায়ই আলোচনা করে। সোহেল তার আলোচনা প্রায়ই বিভিন্ন ব্যক্তির উদ্ধৃতি ব্যবহার করে। পক্ষান্তরে, আশরাফ তার কথায় প্রায়ই কুরআনের উদ্ধৃতি ব্যবহার করে। আশরাফ সোহেলকে জানায়,কুরআন মজিদ সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ আসমানি গ্রন্থ। মানবজীবনের এমন কোনো দিক নেই যা কুরআনের আলোচনা করা হয়নি। এটি একটি চিরন্তন, শাশ্বত মহাগ্রন্থ এবং পরিপূর্ণ জীবনব্যবস্থা। মানবজীবনে কুরআনের অনুসরন ও বাস্তবায়ন অপরিহার্য।<br>ক. কুরআন শব্দে অর্থ কি?<br>খ. কুরআন মজিদের পরিচয় ব্যাখা কর।<br>গ. আশরাফ তার আলোচনা যে গ্রন্থের উদ্ধৃতি ব্যবহার করে সে গ্রন্থটির অনুসরণ ও বাস্তবায়ন উপযোগিতা ব্যাখা কর।<br>ঘ. আশরাফ একটি গ্রন্থকে 'একটি চিরন্তন, শাশ্বত মহাগ্রন্থ এবং পরিপূর্ণ জীবনব্যবস্থা ' বলে উল্লেখ করছে। তুমি কি এ ব্যাপারে একমত? মতামত দাও। |